

স্মারক নং-ডিজিএনএম/শা-২/১ব-৯৫/৯২

/১৪২৬।

তাং-----

/২০১৯।

প্রাপক : ১। বর্তমান ঠিকানা

জনাব মোঃ বেলাল হোসেন
(পিতা-মৃত আব্দুল মান্নান),
হিসাব রক্ষক
নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা।

২। স্থায়ী ঠিকানা


জনাব মোঃ বেলাল হোসেন
(পিতা-মৃত আব্দুল মান্নান),
হিসাব রক্ষক
গ্রামঃ ভপের গাঁও ও পোঃ-পূর্বগাজীপুর, থানা-ফরিদগঞ্জ,
জেলাঃ চাঁদপুর।

বিষয় : জনাব মোঃ বেলাল হোসেন (পিতা-মৃত আব্দুল মান্নান), হিসাব রক্ষক, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুসারে আনীত অভিযোগনামা।

যেহেতু, জনাব মোঃ বেলাল হোসেন (পিতা-মৃত আব্দুল মান্নান), নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগের ভিত্তিতে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়েছে যে, নার্সিং ইনস্টিটিউট ফেনীতে কর্মরত থাকাকালীন আপনা কর্তৃক- ক) ভর্তি সংক্রান্ত কাজে আধিপত্য বিস্তার করা সহ অবৈধ অর্থনৈতিক সুবিধা গ্রহণ করিয়া কাগজপত্রাদির জালিয়াতির মাধ্যমে তথ্য গোপন করে ছাত্রী ভর্তি করা। খ) ছাত্রীকে আউটপাস দিয়ে বাহিরে নিয়ে গিয়ে আপনার সাথে অবস্থান করার প্রস্তাবের কথোপকথনের অডিও রেকর্ডিংয়ের সত্যতা তদন্ত কমিটির নিকট স্বীকার করা। গ) রাত ৯টা হইতে ১০টা পর্যন্ত এমনকি মাঝে মাঝে রাত ১২টা পর্যন্ত ছাত্রী হোস্টেলের বিল্ডিংয়ে অবস্থিত অফিসের কক্ষে অবস্থান করা। ঘ) ছাত্রী কর্তৃক তাদের অভিভাবকদের টেলিফোন রিসিভ করতে টেলিফোন রুমে আসলে ছাত্রীদের সাথে আপনা কর্তৃক দুর্ব্যবহার করা। ঙ) বিনা রশিদে ছাত্রীদের নিকট হইতে অবৈধভাবে টাকা লেনদেন করা। চ) সরকারী দলিলাদি ও তথ্যাদি ফাঁস করার কারণে আপনি সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এবং ৩(ঘ) মোতাবেক দূনীতির আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, জনাব মোঃ বেলাল হোসেন (পিতা-মৃত আব্দুল মান্নান), হিসাব রক্ষক, নার্সিং ইনস্টিটিউট কুমিল্লাকে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সালের ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এবং ৩(ঘ) বিধি মোতাবেক দূনীতির দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে আপনাকে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনার লিখিত জবাব এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি ব্যক্তিগত সাক্ষাতে কিছু বলতে চান কি না বা এ বিভাগীয় মামলায় আপনার পক্ষ সমর্থনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান কি না তা বর্ণিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সেই অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।



(আলম আরা বেগম)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-info@dgnm.gov.bd

ফোন নং-৯১৩৬৬৭৪।

স্মারক নং-ডিজিএনএম/শা-২/১ব-৯৫/৯২/ ৪৩৭/২(৬)

২৩/০৫/১৪২৬।
তাং-----
২০/০২/২০১৯।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব(টিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২। সিভিল সার্জন, কুমিল্লা/ফেনী।
- ৩। তত্ত্বাবধায়ক, ২৫০শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুমিল্লা/ফেনী।
- ৪। জেলা পাবলিক হেল্থ নার্স, কুমিল্লা/ফেনী।
- ৫। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, কুমিল্লা/ফেনী।
- ৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী।
- ৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ✓ ৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২০/০২/১৯

মহাপরিচালকের পক্ষে-

সহকারী পরিচালক(শৃংখলা)/(পিএমআইএস)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।অভিযোগ বিবরণী

জনাব মোঃ বেলাল হোসেন (পিতা-মৃত আব্দুল মান্নান), নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা এর বিরুদ্ধে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনা কর্তৃক উক্ত নার্সিং ইনস্টিটিউট ফেনীতে কর্তব্যরত অবস্থায় উক্ত ইনস্টিটিউটে ক) ভর্তি সংক্রান্ত কাজে আধিপত্য বিস্তার করা সহ অবৈধ অর্থনৈতিক সুবিধা গ্রহণ করিয়া কাগজপত্রাদি জালিয়াতির মাধ্যমে তথ্য গোপন করে ছাত্রী ভর্তি করা। খ) ছাত্রীকে আউটপাস দিয়ে বাহিরে নিয়ে গিয়ে আপনার সাথে অবস্থান করার প্রস্তাবের কথোপকথনের অডিও রেকর্ডিংয়ের সত্যতা তদন্ত কমিটির নিকট স্বীকার করা। গ) রাত ৯টা হইতে ১০টা পর্যন্ত এমনকি মাঝে মাঝে রাত ১২টা পর্যন্ত ছাত্রী হোস্টেলের বিল্ডিংয়ের অফিসের কক্ষে অবস্থান করা। ঘ) অভিভাবকদের টেলিফোন রিসিভ করতে টেলিফোন রুমে আসলে ছাত্রীদের সাথে আপনা কর্তৃক দুর্ব্যবহার করা। ঙ) বিনা রশিদে ছাত্রীদের নিকট হইতে অবৈধভাবে টাকা লেনদেন করা।

আপনা কর্তৃক এহেনভাবে শৃংখলা বিরোধী আচরণ করা এবং অবৈধভাবে টাকা লেনদেন করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সালের ৩(খ)বিধি মোতাবেক অসদাচরণ এবং ৩(ঘ) বিধি মোতাবেক দূর্নীতির আওতাভুক্ত অপরাধ।

(আলম মারা বেগম)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-info@ dgnm.gov.bd

ফোন নং-৯১৩৬৬৭৪।

২০/০২/১৯